

বিরহ

পরোয়া করিনা আমি তার
কে হয় আমার, বলো, কে হয় আমার ?
নির্জন সড়কে ফুল ঝরে বোবা গাছের ছায়ায়...

একরত্নি মেঘ কেন অতর্কিতে আমাকে কঁদায় !

শ্রাবণ

ডুবে গেছে ময়দান, কেল্লার কামান
দু'পায়েছ আঁকড়ে ধরে জল ঝাড়ছে পাখি
একটা দোতলা বাস ভেসে গেল মেঘে
শহর ভিজছে একা জ্ঞান অঙ্ককারে

তুমি পাশে বসে আছো, অন্যমনে, আর
তোমাকে লিখছি চিঠি, মনখারাপের....

জয় ক্ষ চট্টপাধ্যায়

